



তারিখ: _____

কেস নম্বর: _____

কেসের নাম: _____

কেন্দ্র: _____

কেসলোড: _____

আবেদনকারী/অংশগ্রহণকারীর জন্য সংশোধিত সংগ্রহস্থলের ফি প্রক্রিয়া এবং ভাতা প্রয়োজনীয়তার বিজ্ঞপ্তি (Bengali)

আমাদের সংগ্রহস্থলের নীতি এবং পেমেন্ট প্রক্রিয়ার ফি পরিবর্তন করা হয়েছে।

আপনার যা জানা দরকার:

- একটি সংরক্ষণ ইউনিটের জন্য কি পরিমাণ পেমেন্ট পরিশোধ করতে হবে তা নির্ভর করবে পরিবারের আকার ও বাজার দরের উপর (2 নং পৃষ্ঠা দেখুন)।
- যদি আপনার আসবাব ও ব্যক্তিগত সামগ্রী সংগ্রহস্থলে থাকে, তাহলে HRA-এর প্রয়োজনীয়তার বাইরে এককালীন পেমেন্টের জন্য আবেদনকারী ও অংশগ্রহণকারী অনুমোদিত হতে পারে। স্থান পরিবর্তন, উচ্ছেদ বা অস্থায়ী বাসস্থানের কারণে আপনার বর্তমান জরুরি আশ্রয়ের প্রয়োজনের কারণে আপনার জিনিসপত্র সংগ্রহস্থলে রয়েছে।
- HRA আবেদনকারী এবং অংশগ্রহণকারীদের সংগ্রহস্থল কেন্দ্রের একটি তালিকা প্রদান করবে যা আমরা জানি যে নতুন সীমাতে রয়েছে, তবে সেগুলির মধ্যে একটি ব্যবহার করা বাধ্যতামূলক নয়
- অনুগ্রহ করে মনে রাখবেন যে পরবর্তী বিজ্ঞাপন পর্যন্ত HRA নিম্নলিখিত কোম্পানিকে কোনও পেমেন্ট করবে না:

1. **Avi Moving & Trucking Inc.** অথবা **Avi Moving & Storage**
2. **Baya Inc.** অথবা **Baya Inc., Moving & Storage**
3. **Prime Moving & Storage Inc.**
4. **Prime Moving & Trucking LLC**

যে আবেদনকারী এবং অংশগ্রহণকারীরা বর্তমানে নিজের জিনিসপত্র এই কোম্পানিগুলির মধ্যে কোনও একটির কাছে মজুত করছেন তারা এক-কালীন পেমেন্টের জন্য অনুমোদিত হতে পারেন। যদি আপনি HRA দ্বারা পেমেন্ট অব্যাহত রাখতে ইচ্ছুক হন, আপনার জিনিসপত্র মজুত করার উদ্দেশ্যে অন্য কোম্পানিতে যাওয়ার জন্য আপনার কাছে 30 দিন সময় থাকবে।

(পরের পৃষ্ঠায় যান)

প্রথমবার সংরক্ষণ ফি অনুদান/মঞ্জুরির জন্য অনুরোধ করা আবেদনকারী/অংশগ্রহণকারী
প্রথমবার সংগ্রহস্থলের ফি-এর পেমেন্টের জন্য আবেদক আবেআবেদনকারী/অংশগ্রহণকারীদেরকে
অবশ্যই অনুরোধের সময় উপরে তালিকাভুক্ত নিয়মগুলি পালন করতে হবে।

**আপনি যদি একজন DHS/HRA আশ্রয়গ্রহণকারী বাসিন্দা না হোন যিনি অটোমেটেড
স্টোরেজ পেমেন্ট পাচ্ছেন বা আপনার স্টোরেজ ফী অনুদান/মঞ্জুরীর প্রয়োজন হলে
আপনাকে অবশ্যই প্রত্যেক মাসে আবেদন করতে হবে।**

সংগ্রহস্থলের ফি সম্পর্কীয় গুরুত্বপূর্ণ তথ্যসমূহ

সংগ্রহস্থলের ফি শুধুমাত্র আপনার কাছে থাকা আসবাবপত্র এবং ব্যক্তিগত জিনিসপত্রের জন্য পাওয়া
যায়, এবং আপনাকে যখন উচ্ছেদ করা, স্থানান্তরিত করা, বা আশ্রয়স্থল বা অন্যান্য অস্থায়ী আবাসনে
রাখা হয় তখন ব্যবহার করতে পারেন

এই অনুমোদনের পর যেসব জিনিসগুলি সংরক্ষণ করা যেতে পারে তা কেবল আসবাবপত্র এবং
নিম্নলিখিত জিনিসগুলিতে সীমাবদ্ধ:

- আইনি এবং পরিচয় সনাক্তকারী নথিসমূহ
- ওয়াশিং মেশিন ও ড্রায়ার
- রান্নাঘরের জিনিসসমূহ: টেবিল, চেয়ার,
কুকওয়্যার, যন্ত্রপাতি, ডিশওয়্যার, গ্লাসওয়্যার
এবং বাসনপত্র
- চাকরির জন্য প্রয়োজনীয়
আইটেমসমূহ (বিজনেস ইনভেন্টরি নয়)
- বিছানাপত্র এবং তোয়ালে
- বাড়ার ইলেকট্রনিক উপকরণগুলি
- বাড়ার সদস্যদের পোষাক
- শিক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় আইটেমসমূহ
- সহায়ক চাঁকত্সা উপকরণসমূহ
- ব্যক্তিগত কিপসেকস বা স্মরণ চিহ্ন

সংগ্রহস্থলে যে পরিমাণ আসবাব রাখা যাবে তার সীমা পরিবারের আকারের জন্য প্রয়োজনীয় পরিমাণের
থেকে বেশি হওয়া যাবে না এবং নির্দিষ্ট জিনিসপত্রের মধ্যে সীমাবদ্ধ হতে হবে। ব্যক্তিগত জিনিসপত্র
সংরক্ষণের পরিমাণ পরিবারের আকারের জন্য প্রয়োজনীয় পরিমাণের বেশি হওয়া উচিত নয় এবং
অবশ্যই সংখ্যা এবং মোট পরিমাণের দিক থেকে যুক্তিসঙ্গত হতে হবে।

HRA FIA স্টোরেজ সীমা অনুসূচী

পরিবারের আকার	আকার	সর্বোচ্চ রেট
1+	5x5x4 (লকার) 100 Cubic Ft	\$60.00
1+	5x5x8 - 200 Cubic Ft	\$150.00
1+	5x10x8 - 400 Cubic Ft	\$216.00
2+,3+	5x15X8 - 600 Cubic Ft	\$279.00
4+,5+	10X10x8 - 800 Cubic Ft	\$368.00
6+	10x15x8 - 1200 Cubic Ft	\$547.00

(পরের পৃষ্ঠায় যান)

HRA আপনার সংগ্রহস্থলের ফিঅনুমোদনের আপনার অনুরোধটি প্রত্যাখ্যা করতে পারে যদি এমন হয়:

- আপনাকে বর্তমানে স্থায়ী আবাসনের প্রস্তাব দেওয়া হয় বা থাকে
- আপনি স্থায়ী আবাসন থেকে অন্য একটি স্থায়ী আবাসনে যাচ্ছেন
- আপনি আমাদের একটি স্টোরেজ বিল না দিয়ে থাকেন
- আপনি দেৱীতে আবেদন করেন বা স্টোরেজ বিল দিয়ে থাকেন
- আপনি যে পরিমাণে সামগ্রী সংরক্ষণ করছেন বা করতে চাইছেন তা প্রয়োজনীয়তা পূরণ করছে না
- স্টোরেজ চাহিদা পূরণ করার জন্য আপনার কাছে উপার্জন বা সম্পদ থাকে বা অন্য স্টোরেজ বিকল্প থাকে
- আপনি যদি জরুরীকালীন বা নগদ সহায়তার জন্য যোগ্য না হোন
- সংগ্রহস্থলে আপনি কাটি আসবাব রাখতে চান তার সংখ্যা বাড়িয়েছেন
- উপরে বর্ণিত সংরক্ষণ জায়গা অথবা খরচের সীমা অতিক্রম করার জন্য এককালীন অনুমোদন পাওয়ার পর অথবা এমন কোম্পানি ব্যবহার করছেন যার জন্য HRA পরিশোধ করবে না, আপনি পরবর্তী মাসে আপনার বাড়ীর আকারের জন্য আপনার জিনিষপত্র কম করেন নি বা অনুমোদনযোগ্য সংরক্ষণের জায়গায় নিয়ে আসেন নি অথবা এমন কোনও কোম্পানি যা পররের মাসের মধ্যে HRA পরিশোধ করবে।

আবেদনকারী/অংশগ্রহণকারীর স্বাক্ষর: _____ তারিখ: _____

কর্মীর নাম: _____ তারিখ: _____

কর্মীর স্বাক্ষর: _____ তারিখ: _____

আপনি কি শারীরিক বা মানসিক ভাবে অসুস্থ বা প্রতিবন্ধী? এই অবস্থার কারণে আপনার কি বিজ্ঞপ্তিটি বুঝতে বা এই বিজ্ঞপ্তিতে যা করতে বলা হচ্ছে তা করা কঠিন হচ্ছে? এই অবস্থার কারণে কী HRA-এর অন্য পরিষেবাগুলি পেতে আপনার সমস্যা হচ্ছে? **আমরা আপনাকে সাহায্য করতে পারি।** 718-557-1399 নম্বরে আমাদের কল করুন। আপনি যখন কোনও HRA অফিসে আসবেন তখনও সহায়তা চাইতে পারেন। আইনের অধীনে এই ধরনের সাহায্য চাওয়ার অধিকার আপনার আছে।